সংবাদ

16 APR 2003

# কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষার ফলাফল প্রকাশ

**নিজস্ব বার্তা পরিবেশক :** ২০০২ সালের কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষায় ফলাফল প্রকাশ করা হয়েছে। মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের হলরুমে বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সভায় এই ফলাফল প্রকাশ করা হয়। সভায় অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান খন্দকার মো. জওহের সভাপতিত্ব করেন।

২০০২ সালের বৃত্তি পরীক্ষায় মেধা তালিকায় ২৯ জন, এ গ্রেডে ২শ' জন, বি গ্রেডে ৩শ' জন, সি গ্রেডে ৫শ' জন এবং বিশেষ গ্রেডে ২ হাজার ১শ' জনসহ মোট ৩ হাজার ১শ' ২৯ জনকে বৃত্তি দেয়া হয়।

নিচে বিভিন্ন শ্রেণীতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী শিক্ষার্থীদের নাম প্রকাশ করা হলো :

**প্রথম শ্রেণী :** আত্রাই (নওগাঁ)-এর শিশু-কিশোর অ্যাকাডেমির ছাত্রী আরসেফা আক্তার রোল-১৪৬১ প্রথম স্থান, নাটোরের মনিষা ভবন স্কুলের ছাত্রী নুর-ই-তাসমিয়া রোল-১৩১৫ দ্বিতীয় স্থান এবং কুমিল্লার জ্ঞানকোষ ইন্টারন্যাশনাল স্কুলের ছাত্র মো. আনোয়ার হোসেন রোল-২০০৯, রাঙ্গামাটির লেকার্স পাবলিক স্কুলের ছাত্রী অনন্যা দে রোল-১০১৭ ও চট্টগ্রামের খলিলুর রহমান শিশু নিকেতন স্কুলের ছাত্র বাপ্পা গুহ রোল-২৪৯৭ যৌথভাবে তৃতীয় স্থান অধিকার করে।

কিন্ডারগার্টেন : পৃঃ ২ কঃ ৭

## কিন্ডারগার্টেন : ফল

( ১২ পৃষ্ঠার পর )

**দ্বিতীয় শ্রেণী :** মেহেরপুরের গ্লোরিয়াস প্রি-ক্যাডেট অ্যাকাডেমির ছাত্রী ফারহা তাহসিন সেজুতী রোল-৪৯৭১ প্রথম স্থান, খুলনার মোহরা খাতুন শিশু বিদ্যানিকেতনের ছাত্রী প্রমিতা সোম খেয়া রোল-৪৫৪৪ দ্বিতীয় স্থান এবং কুষ্টিয়ার সোনার তরী কিন্ডারগার্টেনের ছাত্র মো. নাজমুস সালেহীন রোল-৪৪৫৪, রাজশাহীর পিনাং কল স্টাডি হোম স্কুলের ছাত্র মো. তানভিরুল ইসলাম রোল-৪১২৪ ও বগুড়ার সাওয়াতুল হক কিন্ডারগার্টেন স্কুলের ছাত্র এস.এম তাকিউর রহমান রোল-৪০৩৫ যৌথভাবে তৃতীয় স্থান অধিকার করে।

**তৃতীয় শ্রেণী :** আত্রাই (নওগাঁ) এর কল-কাকলী কিন্ডারগার্টেন স্কুলের ছাত্র আয়নাল আশরাফী রোল-৭১৮৯ প্রথম স্থান, মেহেরপুরের গ্লোরিয়াস প্রি-ক্যাডেট অ্যাকাডেমি স্কুলের ছাত্র সাজেদুজ্জামান রোল-৭৬৪৮ দ্বিতীয় স্থান এবং চুয়াডাঙ্গার ফুলকুঁড়ি শিশু বিদ্যালয়ের ছাত্রী ইয়াসমিন আল প্রীতি রোল-৭৪২১ তৃতীয় স্থান অধিকার করে।

**চতুর্থ শ্রেণী :** আত্রাই (নওগাঁ) এর শিশু-কিশোর অ্যাকাডেমির ছাত্র কে এম ফাহাতুল ইসলাম রোল-৮১৬৬ প্রথম স্থান, নাটোরের মনিষা ভবন স্কুলের ছাত্র আবিদ শাহরিয়ার রোল-৮১০২ দ্বিতীয় স্থান এবং জয়পুরহাটের পাঁচবিবি প্রমিসিং প্রি-ক্যাডেট স্কুলের ছাত্রী সুমি সরকার নুপুর রোল-৮২২২ তৃতীয় স্থান অধিকার করে।

**পঞ্চম শ্রেণী :** ঢাকা ক্যান্টনমেন্টের বীরউত্তম লে. শহীদ আনোয়ার গার্লস কলেজ স্কুলের ছাত্রী হুমায়রা শহীদ রোল-৯৫৬৩ প্রথম স্থান, একই স্কুলের ছাত্রী আনিকা তাসনীম রোল-৯৫৬৫ দ্বিতীয় স্থান এবং শিবগঞ্জের ইদরিস আহম্মদ মেমোরিয়াল স্কুলের ছাত্র মো. রেজুয়ানুল আরেফীন রোল-৯০৫৫ তৃতীয় স্থান অধিকার করে।

**ষষ্ঠ শ্রেণী :** আত্রাই (নওগাঁ) এর কল-কাকলী কিন্ডারগার্টেন স্কুলের ছাত্রী ইসরাত আরা জেরীন রোল-০০২২ প্রথম স্থান, ঢাকার মনিপুর ক্যাডেট স্কুল অ্যান্ড কলেজের ছাত্রী কনিকা মনিকা কেয়া রোল-০০৯৭ দ্বিতীয় স্থান এবং নাটোরের মনিষা ভবন স্কুলের ছাত্র দিপঙ্কর সাহা রোল-০৩১৪ তৃতীয় স্থান অধিকার করে।

**সপ্তম শ্রেণী :** ঢাকার প্রি-ক্যাডেট চাইল্ড কেয়ার হোমস স্কুলের ছাত্রী রাফিকা জেসমিন রোল-০৪৯০ প্রথম স্থান, আত্রাই (নওগাঁ)-এর শিশু কিশোর অ্যাকাডেমির ছাত্র মোস্তফা জুবায়ের মোরশেদ রোল-০৪৩১ দ্বিতীয় স্থান এবং আত্রাই (নওগাঁ)-এর কল-কাকলী কিন্ডারগার্টেন স্কুলের ছাত্র শফিকুল ইসলাম রোল-০৪২৫ তৃতীয় স্থান অধিকার করে।

**অষ্টম শ্রেণী :** ঢাকার গলেজ হ্যাভেন স্কুলের ছাত্রী আফসানা আক্তার দিশারী রোল-০৭৭৩ প্রথম স্থান, ঢাকা ক্যান্টনমেন্টের বীরউত্তম লে. শহীদ আনোয়ার গার্লস কলেজ স্কুলের ছাত্রী জুলফিয়া নাজহাত আলমগীর রোল-০৮২১ দ্বিতীয় স্থান এবং ঢাকা সারুলিয়ার হাজী রহমতউল্লাহ ফোরকানিয়া ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ের ছাত্র মো. নুরুল ইসলাম রোল-০৭৯৭ ও ঢাকার প্রি-ক্যাডেট চাইল্ড কেয়ার হোমস স্কুলের ছাত্রী রেজোয়ানা সুলতানী রোল-০৭৮১ যুগ্মভাবে তৃতীয় স্থান অধিকার করে।